আজকের কাগজ

তারিখ 13 DEC 1994
পৃষ্ঠা ৯ কলাম ৭

০৬

# ২০ ডিসেম্বর সকল শিক্ষা বোর্ডের এইচএসসি পরীক্ষার ফল বেরুচ্ছে

দেশের চারটি শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত ১৯৯৪ সালের এইচএসসি পরীক্ষার ফলাফল আগামী ২০ ডিসেম্বর, সকাল ১০ টায় একসঙ্গে সংশ্লিষ্ট কেন্দ্র থেকে প্রকাশিত হবে এবং পরীক্ষার্থীরা নিজ নিজ কেন্দ্র থেকে তাদের ফলাফল জানতে পারবে।

সকল কেন্দ্রের অধ্যক্ষগণ ২০ ডিসেম্বর সকাল ৮টার মধ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কাছ থেকে ফলাফল সংগ্রহ করবেন।

এবার বোর্ডে কোনো ফলাফল টাঙ্গানো হবে না। জাতীয় দৈনিক পত্রিকায় শুধু মেধা তালিকা ও পরিসংখ্যান প্রকাশিত হবে এবং বাংলাদেশ টেলিভিশন ও রেডিও বাংলাদেশ শুধু মেধা তালিকা ও পরিসংখ্যান প্রচার করবে।

কেন্দ্রওয়ারী রেজাল্টের ২ কপি প্রতিটি কেন্দ্রে এবং প্রতিটি জেলায় মেধা তালিকা ও পরিসংখ্যান পাঠানো হবে। খবর তথ্য বিবরণী।